বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
**ঋণ আদায় বিভাগ।**

ফোন ঃ +৮৮০২২২৩৩৮৩১৬৫;
ই-মেইল ঃ
dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২২-২০২৩/৮৫৬

তারিখঃ ০৩-০৪-২০২৩ খ্রিঃ

**ই-মেইলযোগে**

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **আগামী ০৬/০৪/২০২৩ হতে ১৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত আমানত সংগ্রহ ও পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৬ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখে সকল শাখায় একযোগে 'শুভ হালখাতা' অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।**

মহোদয়

শিরোণামের বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নির্ধারিত ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আগামী ০৬-০৪-২০২৩ খ্রিঃ তারিখ হতে ১৬-০৪-২০২৩ খ্রিঃ **তারিখ পর্যন্ত আমানত সংগ্রহ ও পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী গ্রহণ এবং ১৬-০৪-২০২৩ খ্রিঃ তারিখে ব্যাংকের সকল শাখায় একযোগে ''শুভ হালখাতা '' অনুষ্ঠান আয়োজনের** নির্দেশনা প্রদান করেছেন।

০৩। **১৬ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখের ''শুভ হালখাতা '' উপলক্ষে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে ঋণ আদায়, বিতরণ এবং আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারণ করে দেয়া হলো।** বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কার্যালয়সমূহের মধ্যে এই লক্ষ্যমাত্রা আগামী ০৪-০৪-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বন্টন নিশ্চিত করবেন।

০৪। **কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ**

(ক) **'শুভ হালখাতা'** অনুষ্ঠান সফল করার লক্ষ্যে শ্রেণীকৃত ও পুনঃতফসিলকৃত ঋণ গ্রহীতাগণকে অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানাতে হবে ও শাখাকে রঙ্গিন পোস্টার/ ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টিসহ শামিয়ানা টানিয়ে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে এবং ব্যাংকের সেবাসমূহের প্রচারণামূলক কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে;

(খ) প্রতিটি শাখায় দর্শনীয় স্থানে উপরোক্ত শুভ হালখাতা অনুষ্ঠান আয়োজন সম্বলিত ৬ ফুট × ২$^1/_2$ ফুট মাপের ব্যানার টানাতে হবে। হালখাতার নোটিশ স্থানীয় মুখ্য কার্যালয় এবং কর্পোরেট শাখা সমুহ নিজ উদ্যেগে তৈরী/মুদ্রণ এবং শাখা সমুহের ব্যানার ও নোটিশ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক সরবরাহ করতে হবে;

(গ) উক্ত কর্মসূচীতে স্থানীয় প্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাগণকে, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে।

০৫। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ **'শুভ হালখাতা'** অর্জন সংক্রান্ত সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ১৬-০৪-২০২৩ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে **ই-মেইলযোগে** ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৬। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক **'শুভ হালখাতা'** কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে-

০৩/০৪/২৩

(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক
তারিখ ঃ ০৩-০৪-২০২৩ খ্রিঃ

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২২-২০২৩/৮৫৬

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪। সচিব,পর্ষদ সচিবালয়/ সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সকল প্রমোটর, বিকেবি, প্রকা, ঢাকা। **অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।**
০৫। **উপমহাব্যবস্থাপক, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগকে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী "শুভ হালখাতা" অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে শাখা প্রতি ব্যয় বাবদ গড়ে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে বিভাগীয় কার্যালয়/ মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয়ের অনুকূলে বরাদ্দ প্রদান করার জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা সমূহের সম্ভাব্যতা বিবেচনা করে বরাদ্দ পুণঃবন্টন করতে পারবেন।**
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বিকেবি।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বিকেবি।

০৩/০৪/২০২৩

(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।

বিষয়ঃ আগামী ০৬ হতে ১৬ এপ্রিল ২০২৩ আমানত সংগ্রহ ও পুনঃতসিল ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী এবং ১৬-০৪-২০২৩ তারিখে অনুষ্ঠেয় 'শুভ হালখাতা' অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদ আদায় | অবলোপনকৃত ঋণ আদায় | বৈদেশিক রেমিট্যান্স প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | পরিমাণ | | শ্রেণীকৃত ঋণ | শ্রেণীযোগ্য-২ ঋণ(পুনঃতফসিল) | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | ঢাকা | ৪৫০০ | ৪৫০.০০ | ১২০.০০ | ৩৫.০০ | ২৪.০০ | ৪০.০০ | ৫০.০০ | ১৪৯.০০ | ৫.০০ | ১.২০ | ৪০.০০ |
| ২ | ময়মনসিংহ | ৪৫০০ | ৪৫.০০ | ৯০.০০ | ১০.০০ | ০.৫০ | ৫০.০০ | ৫০.০০ | ১১০.৫০ | ৪.০০ | ০.২০ | ২০.০০ |
| ৩ | চট্টগ্রাম | ৫২০০ | ১২০.০০ | ১১৫.০০ | ১৫.০০ | ০.২০ | ১০.০০ | ১৫.০০ | ৪০.২০ | ৩.০০ | ০.৪০ | ২০.০০ |
| ৪ | খুলনা | ২২০০ | ৬০.০০ | ১১০.০০ | ৯.০০ | ৯.০০ | ২৫.০০ | ১০.০০ | ৫৩.০০ | ২.০০ | ০.৩০ | ২০.০০ |
| ৫ | বরিশাল | ২৫০০ | ৯০.০০ | ১১০.০০ | ৬.০০ | ১২.৫০ | ৪৫.০০ | ২০.০০ | ৮৩.৫০ | ৩.৫০ | ০.২০ | ২০.০০ |
| ৬ | সিলেট | ২৯০০ | ১০০.০০ | ৯০.০০ | ৬.০০ | ১৪.৩০ | ২০.০০ | ২০.০০ | ৬০.৩০ | ২.০০ | ০.১৫ | ২৫.০০ |
| ৭ | কুমিল্লা | ৩০০০ | ১২০.০০ | ১২০.০০ | ৮.০০ | ৫০.০০ | ৪৫.০০ | ২০.০০ | ১২৩.০০ | ৫.০০ | ০.৩০ | ৪০.০০ |
| ৮ | ফরিদপুর | ৩৫০০ | ৬০.০০ | ১২০.০০ | ৪.০০ | ১৬.০০ | ১৫.০০ | ১৫.০০ | ৫০.০০ | ২.০০ | ০.১০ | ২৫.০০ |
| ৯ | কুষ্টিয়া | ১৫০০ | ৬০.০০ | ১১৫.০০ | ৬.০০ | ৩.৫০ | ১০.০০ | ১০.০০ | ২৯.৫০ | ১.০০ | ০.০৫ | ২০.০০ |
| ১০ | এলপিও | ২০০ | ২৯৫.০০ | ১০.০০ | ১.০০ | ১০০.০০ | ০.০০ | ০.০০ | ১০১.০০ | ২.৫০ | ০.১০ | ২০.০০ |
| | সর্বমোট ঃ | ৩০০০০ | ১৪০০.০০ | ১০০০.০০ | ১০০.০০ | ২৩০.০০ | ২৬০.০০ | ২১০.০০ | ৮০০.০০ | ৩০.০০ | ৩.০০ | ২৫০.০০ |

০৩.০৪.২০২৩
(মোঃ মাহমুদুল হাসান ভুঁইয়া)
মুখ্য কর্মকর্তা

০৩/০৪/২০২৩
(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

## বাংলাদেশ কৃষি ব্যাংক

### বিভাগীয় কার্যালয়-------------- ।

পরিশিষ্ট-"২"

বিষয়ঃ ০৬ হতে ১৬ এপ্রিল ২০২৩ আমানত সংগ্রহ ও পুনঃতসিল ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী এবং ১৬-০৪-২০২৩ তারিখে অনুষ্ঠিত 'শুভ হালখাতা' অর্জন সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | আমানত সংগ্রহ | | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | | | | | | | ৫২ স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | | বৈদেশিক রেমিট্যান্স প্রদান | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | শ্রেণীকৃত ঋণ | | | শ্রেণীযোগ্য-২ পুনঃতফসিল | | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | মোট ঋণ আদায় | | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | নতুন আমানত হিসাব খোলার সংখ্যা | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
| ০ | | ০.০০ | | ০% | | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | | | ০.০০ | ০.০০ | #জউঋ! | #### | #### | ০.০০ | ০.০০ | #### | ০.০০ | ০.০০ | #উওঠ/০! | ০.০০ | ০.০০ | #উওঠ/০! |

মোঃ মাহমুদুল হাসান ভূইয়া
মুখ্য কর্মকর্তা
ঋণ আদায় বিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা

আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন
সহকারী মহাব্যবস্থাপক
ঋণ আদায় বিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।